দৈনিক ইনকিলাব

তারিখ 2 9 DEC 1986
পৃষ্ঠা ...

243

# উপজেলা পরিক্রমা

## নাটোর সদর

নাটোর, ২৮ ডিসেম্বর (সংবাদদাতা)।— মহীয়সী নারী বঙ্গেশ্বরী রাণী ভবানীর স্মৃতি বিজড়িত, উত্তর গণভবন ও সুস্বাদু কাঁচা গোল্লার জন্য বিখ্যাত এবং উত্তর বাংলার প্রাণকেন্দ্র ঐতিহাসিক নাটোরের সদর উপজেলার আয়তন ১৫৬ বর্গমাইল। এখানে ১টি পৌরসভা, ১২টি ইউনিয়ন পরিষদ, ২৬৩ টি মৌজা এবং মোট ৩০৪টি গ্রাম আছে। এই উপজেলায় ২ লাখ ৭৪ হাজার ৩৪০ জন পুরুষ এবং ১ লাখ ৪২,০১৯ জন মহিলাসহ মোট ৪ লাখ ১৬ হাজার ৩৫৯ জন লোক বাস করে।

**কৃষি**

নাটোর সদর উপজেলার মোট আবাদী জমির পরিমাণ ৩৪ হাজার ৮৫০ একর, অনাবাদী জমির পরিমাণ ২৫ হাজার ৬৫০ একর এবং খাস জমির পরিমাণ ৪৯ হাজার ৪৩২ একর। এখানে গভীর নলকূপ ৯০৪টি, অগভীর নলকূপ ৮০০টি এবং পাওয়ার পাম্প ১১৩টি। এছাড়া কৃষক সমবায় সমিতিও রয়েছে ২৯৩টি এই উপজেলায়।

**শিল্প**

নাটোরে সাম্প্রতিককালে একটি চিনি কল প্রতিষ্ঠিত হয়েছে। নানা বিঘ্ন অতিক্রম করে এটা এখন দ্বিতীয় বারের মত উৎপাদন শুরু করেছে। এ ছাড়াও প্রায় ৫০০টির মত হ্যাণ্ড ক্রাশার আছে, যেগুলো কুটির শিল্প হিসেবে গুড় তৈরীতে লাগানো হয়।

**শিক্ষা**

নাটোর সদর উপজেলায় মোট ১৬টি মাদ্রাসা, ১৪টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, ৯২টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৬টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ২৫টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং ৪টি মহাবিদ্যালয় (১টি সরকারী) আছে। শিক্ষার হার ২১%।

**স্বাস্থ্য**

নাটোর সদর উপজেলায় ১টি হাসপাতাল, ৪টি পরিবার পরিকল্পনা কেন্দ্র, ৫টি দাতব্য চিকিৎসালয় ও ১টি টিবি ক্লিনিক আছে। এছাড়া পশুর চিকিৎসার জন্য ১টি পশু চিকিৎসালয় রয়েছে।

**ব্যবসা**

নাটোরে মোট হাট-বাজার আছে ৩১টি। এর মধ্যে গরুর জন্য বিখ্যাত বাংলাদেশের বৃহত্তম তেবাড়িয়া হাটও রয়েছে। এই উপজেলায় বিভিন্ন ব্যাংক রয়েছে ২৪টি।

এগুলো ছাড়াও, এখানে ১৩টি ডাকঘর, ৬টি রেলস্টেশন এবং ১৭৯৪টি বিভিন্ন ধরনের পুকুর আছে।